

২৬ মার্চ ২০১৬

## কুমিল্লা সেনানিবাস এলাকায় ভিক্টোরিয়া কলেজ ছাত্রী তনুর লাশ উদ্ধার আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর তীব্র নিন্দা ও উদ্বেগ

কুমিল্লা সেনানিবাস এলাকায় কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী সোহাগী জাহান তনুর লাশ পাওয়া গেছে এবং এখন পর্যন্ত আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক কোনো অপরাধী গ্রেফতার হয়নি। এ ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) তীব্র নিন্দা ও উদ্বেগ প্রকাশ করেছে।

সংবাদমাধ্যম সূত্রে জানা যায়, গত ২০ মার্চ ২০১৬ রাতে কুমিল্লা সেনানিবাসের পাহাড় হাউস এলাকার একটি কালভার্টের পাশে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী সোহাগী জাহান তনুর রক্তাক্ত লাশ পাওয়া যায়। তনুকে ধর্ষনের পর হত্যা করা হয়েছে বলে গণমাধ্যমসূত্রে জানা গেছে। ঘটনার পর পাঁচ দিন পেরিয়ে গেলেও পুলিশ এখন পর্যন্ত এ ঘটনার সাথে জড়িত কাউকে গ্রেফতার করতে পারেনি। আমরা মনে করি, সেনানিবাসের মত নিরাপত্তা বেষ্টিত এলাকায় এধরনের নৃশংস ঘটনা এবং এখন পর্যন্ত এ ঘটনার সাথে জড়িত কাউকে আইনের আওতায় না আনতে পারা জনমনে নানা প্রশ্ন ও ক্ষোভের সৃষ্টি করেছে।

আইন ও সালিশ কেন্দ্র সোহাগী জাহান তনু হত্যাকাণ্ড ঘটনায় আইন-শৃঙ্খলা বাহিনীর কার্যকর উদ্যোগ ও সুষ্ঠু তদন্তের দাবি জানাচ্ছে।

আমরা অবিলম্বে দোষী ব্যক্তিদের খুঁজে বের করে যথাযথ ও দৃষ্টান্তমূলক বিচার নিশ্চিতকরণের ক্ষেত্রে দায়িত্বশীল পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের প্রতি আহবান জানাচ্ছি।